

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজির হোসেনের দৈনিক মিতা

ডিজিটাল পদ্ধতির হাজিরার উদ্বোধন

🕒 ১১ অক্টোবর, ২০১৮ ইং ০০:০০ মিঃ



ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা

ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল বুধবার বিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে ওই বিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী, শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে চালু করা হয় ডিজিটাল পদ্ধতিতে হাজিরা। সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে সুইচ টিপে এর উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক শাহীন আক্তার সুমী। পরে দশম শ্রেণিকক্ষে প্রধান অতিথির উপস্থিতিতে ডিজিটাল পদ্ধতিতে ক্লাশে প্রবেশ করেন ওই ক্লাসের শিক্ষার্থীরা। পৃথকভাবে তিনটি কক্ষের মধ্যে একটিতে বিভিন্ন কর্মকর্তার পরিদর্শন, শিক্ষক, কর্মচারী ও অন্য দুটি কক্ষে শিক্ষার্থীরা এ পদ্ধতিতে ক্লাসে প্রবেশ করেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি জাতীয় পার্টি জেপির উপজেলা সিনিয়র যুগ্ম আহ্বায়ক, পৌর কাউন্সিলর ও সাবেক সদর ইউপি চেয়ারম্যান মো. গোলাম সরওয়ার জোমাদ্দার।

প্রধান শিক্ষক মো. ফারুকুজ্জামান মন্টু জানান, এই অঞ্চলের নারী শিক্ষার প্রসারের জন্য দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের জন্য জাতীয় পার্টি জেপির চেয়ারম্যান এবং বর্তমান সরকারের পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু সম্পূর্ণ ব্যক্তিগতভাবে তাঁর মা মহীয়সী নারী মাজেদা বেগমের নামে ১৯৯৬ সালে এই বিদ্যালয়টি প্রতিষ্ঠিত করেন। অন্যান্যের মধ্যে স্ব স্ব বিভাগের শিক্ষক, অভিভাবক সদস্য মো. জামাল উদ্দিন লিটন উপস্থিত ছিলেন।

পরে প্রধান অতিথি উপস্থিত শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় শেষে তাদের (শিক্ষার্থীদের) নিয়ে বাল্যবিবাহ প্রতিরোধ, নারীর প্রতি সহিংসারোধসহ নারী বান্ধব সব ধরনের জনসচেতনতামূলক অনুষ্ঠান করার আশ্বাস দেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত